NIS ১.১ (৩য় কো)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

নম্বর ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২১.৮৭

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

নোটিশ

বিষয়: **নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২১-২২ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার(জানুয়ারী-মার্চ/২০২২) এর বাস্তবায়ন অগ্রগতি লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা আগামী ০৮-০৩-২০২২ তারিখ বেলা ১১.৩০ বোর্ডের মিনিকনফারেন্স কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যদের স্বাস্থ্যবিধি মেনে (মাস্ক পরে, সামাজিক দুরত্ব বজায় রেখে) যথাসময় স্ব স্ব বিভাগের অগ্রগতি প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-৩-২০২২
সৈয়দ মোস্তাক হাসান
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
২) পরিচালক , প্রশাসন বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৩) পরিচালক, উৎপাদন ও বিপণন বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৪) পরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৫) পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
৬) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৭) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৮) উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৯) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
১০) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিরসহ নোটিশটি বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার জন্য।
১১) কেয়ার টেকার, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। সভাকক্ষ প্রস্তুতসহ আপ্যায়নের ব্যবস্থা করার জন্য বলা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

## ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি — শ্যাম কিশোর রায়, মহাপরিচালক
সভার তারিখ — ০৮-০৩-২০২২ খ্রি:
সভার সময় — বেলা ১১.৩০ ঘটিকা
স্থান — বোর্ডের সভাকক্ষ
উপস্থিতি — পরিশিষ্ট"ক"

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য পরিচালক-প্রশাসনকে অনুরোধ করেন।

পরিচালক (প্রশাসন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত ৩য় কোয়ার্টারে উল্লেখিত প্রতিটি বিষয়/কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। তিনি কর্মপরিকল্পনায় উল্লেখিত

১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান, ৩.২ উত্তম চর্চা বাস্তবায়নের লক্ষ্যে মতবিনিময় সভা এবং ৩.৩ রেশম চাষের জন্য উঠান বৈঠক আয়োজন ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় অবহিত করেন। তিনি আর ও বলেন,

১.৫ এর কর্ম-পরিবেশ উন্নয়ন:-অকেজো মালামাল বিনষ্টকরণ সংক্রান্ত কার্যক্রম ৩১-০৩-২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এ সংক্রান্ত কমিটির সভা ০৯-০৩-২০২২ অনুষ্ঠিত হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন করে প্রতিবেদন দাখিল করা হবে।

২.২ এর বিষয়ে পরিচালক (সম্পসারণ) ও প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, PIC সভা অত্র বোর্ডে অনুষ্ঠিত হবে। আর PSC সভা মন্ত্রণালয়ে করা হয়।আগামী সপ্তাহে PIC সভা করা হবে। এ সকল সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়িত হবে।

২.৩ এর বার্ষিক উন্নয়ন কর্মসূচির ২০% লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

নিম্নবর্ণিত তালিকায় উল্লেখিত কার্যক্রম যথা সময়ে বাস্তবায়ন করতে হবে।

| কার্যক্রমের নাম | বাস্তবায়নকারী বিভাগ/শাখা ও সময় |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ফোকাল পয়েন্ট (প্রশাসন বিভাগ) |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সকল বিভাগ/শাখা |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (অকেজো মালামাল বিনষ্টকরণ) | সকল বিভাগ/শাখা,(৩১-০৩-২০২২) |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ফোকাল পয়েন্ট, (১৭-০৪-২০২১) |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | প্রকল্প পরিচালক, ২টি |

ক্রমিক নং ১.৪, ১.৭, ৩.২, ৩.৩ ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে বিধায় বাস্তবায়নকারী বিভাগ/শাখাকে সভাপতি ধন্যবাদ জানান। যে সকল বিষয় এখনও বাস্তবায়িত হয়নি সেসকল বিষয় বাস্তবায়ন করে প্রমাণকসহ প্রতিবেদন যথাসময়ে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

শ্যাম কিশোর রায়
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২১.৯৭

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮
১০ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(প্রশাসন)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৩) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উর্দ্ধতন পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৪) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক (প্রশা/কসা)/হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (পরি)/সম্প্রসারণ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (ল্যাবঃ)/সহকারী পরিচালক(মনিটরিং)/উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৫) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

সৈয়দ মোস্তাক হাসান
পরিচালক

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

০৮-০৩-২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বোর্ডের মিনি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার এর নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | পরিচালক (অর্থ ও পরিকল্পনা)<br>পরিকল্পনা বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | |
| ২ | পরিচালক (প্রশাসন)<br>প্রশাসন বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ৮/৩/2022 |
| ৩ | পরিচালক (উৎপাদন ও বিপণন)<br>উৎপাদন ও বিপণন বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ৮/৩/22 |
| ৪ | পরিচালক (সম্প্রসারণ)<br>সম্প্রসারণ বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ৮/৩/22 |
| ৫ | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব)<br>বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | প্রতিনিধি<br>(মো: ফরহাদ ...)<br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৬ | প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা<br>উৎপাদন ও বিপণন<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। | 08-03-22 |
| ৭ | প্রধান সম্প্রসারণ কর্মকর্তা<br>সম্প্রসারণ বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৮/০৩/২২ |
| ৮ | প্রধান পরিকল্পনা কর্মকর্তা<br>পরিকল্পা বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | |
| ৯ | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা<br>হিসাব বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৮/০৩/২০২২ |
| ১০ | নির্বাহী প্রকৌশলী<br>উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | |
| ১১ | উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা<br>নিরীক্ষা বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৮/০৩/২২ |
| ১২ | জনসংযোগ কর্মকর্তা<br>জনসংযোগ বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ০৮.০৩.২০২২ |


নৈতিকতা কমিটির সভা
তারিখঃ ০৮-০৩-২২